শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর ৩৬ তম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আতাউর রহমান মিল্টন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।

আলোচ্য মাস : এপ্রিল/২২

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
ফুলবাড়ী, দিনাজপুর।

তারিখ : ১৯/০৫/২০২২ খ্রিঃ।

সময় : সকাল- ১০:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'

অনুপস্থিত সদস্যগণের তালিকা : 'খ'

সভাপতি সভার শুরুতে সকল সদস্যসহ ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভিন্ন ইউনিয়ন পরিষদের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ফুলবাড়ী পৌরসভাঃ মেয়র, ফুলবাড়ী পৌরসভা এর প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.১ নং এলুয়াড়ী ইউপিঃ চেয়ারম্যান এলুয়াড়ী ইউপি সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | চেয়ারম্যান, এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান, এলুয়াড়ী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.২ নং আলাদীপুর ইউপিঃ চেয়ারম্যান আলাদীপুর ইউপি সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | চেয়ারম্যান, আলাদীপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান আলাদীপুর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৩ নং কাজিহাল ইউপিঃ চেয়ারম্যান কাজিহাল ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপতত কোন সমস্যা নাই। আটপুকুর-বুদ্রানী পাকা রাস্তার টাকাহারা মোড় হতে ভেড়ম পর্যন্ত রাস্তায় দুইধারে সামাজিক বনায়নের আওতায় চারা রোপন করা হয়। বর্তমানে গাছগুলি আবর্তক হওয়ায় কর্তণ করা আবশ্যক। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী আটপুকুর-বুদ্রানী পাকা রাস্তার টাকাহারা মোড় হতে ভেড়ম পর্যন্ত রাস্তা সরেজমিন পরিদর্শন করে আবর্তক গাছগুলি মার্কিং করে বিধি মোতাবেক কর্তণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৪ নং বেতদিঘী ইউপিঃ চেয়ারম্যান বেতদিঘী ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | চেয়ারম্যান, বেতদিঘী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান, বেতদিঘী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৫ নং খয়েরবাড়ীঃ চেয়ারম্যান খয়েরবাড়ী ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৬ নং দৌলতপুর ইউপিঃ চেয়ারম্যান দৌলতপুর ইউপি ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | চেয়ারম্যান, দৌলতপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১) চেয়ারম্যান দৌলতপুর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৭ নং শিবনগর ইউপিঃ চেয়ারম্যান শিবনগর ইউপি ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | চেয়ারম্যান শিবনগর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান শিবনগর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর।। |

৩। বিভাগীয় আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। ডায়রিয়া পাদুর্ভাব রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ফুলবাড়ী ডায়রিয়া পাদুর্ভাব রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী |

| | | |
|---|---|---|
| ৩.২ প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণি সম্পদ অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পরিষদে বসে এ.আই টেকনিশিয়ানদের সেবা প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে। তিনি আরোও বলেন যে, প্রাণি সম্পদ দপ্তরের সামনে নিচু থাকায় সেখানে বর্ষা মৌসুমে পানি জমে থাকে এতে তাঁর দপ্তরে আগত সেবাগ্রহীতাদের সমস্যায় পড়তে হয়। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২). উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে বসে এ.আই টেকনিশিয়ানদের সেবা প্রদানের বিষয়ে নিশ্চিত করবেন।<br>৩) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী প্রাণি সম্পদ দপ্তর সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী।<br>৩) উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৩ উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী এর উপস্থিত প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। বোরো ফসল ইতোমধ্যে ৬২% ভাগ কর্তণ সম্পন্ন হয়েছে। এবারের ফলন আশানুরূপ হয়েছে। সরকারি উন্নয়ন সহায়তার আওতায় ৫০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি প্রাপ্তির লক্ষ্যে আবেদন পত্র গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন যে, রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আওতায় "কৃষক প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণের জন্য নির্বাচিত জায়গায় ৪টি মেহগনি এবং ১টি কদম গাছ রয়েছে। গাছগুলি কর্তণ করা আবশ্যক। | রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আওতায় "কৃষক প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণের জন্য নির্বাচিত জায়গায় ৪টি মেহগনি এবং ১টি কদম গাছ কর্তণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী উক্ত জায়গার গাছগুলি মার্কিং করে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা বন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৪ উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। বিল নার্সারি- ২০২২ কার্যক্রম বেতদিঘী ইউনিয়নের সৈয়দপুর ও সিংগড়খাড়ী (ছোট খাড়ী) বিলে বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। এছাড়াও জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রমে ৪০ জন জেলেদের তালিকা প্রদানের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ আলাদীপুর, কাজিহাল বেতদিঘী ও দৌলতপুর ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রমে ৪০ জন জেলেদের তালিকা প্রদানের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ আলাদীপুর, কাজিহাল বেতদিঘী ও দৌলতপুর ইউপি চেয়ারম্যানদের পত্র প্রেরণ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৫ উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। আগামী ২৩ মে থেকে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান কার্মসূচির আওতায় সুবিধাভোগী শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি কার্যক্রম শুরু হবে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শ্রেণি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পাশাপাশি আন্ত প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা চলমান রয়েছে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৬ সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা প্রতিনিধী, ফুলবাড়ী সভায় জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। পল্লী সমাজসেবা ক্ষুদ্র ঋণ কার্যক্রম (আরএমসি) চালু রয়েছে। আদায়ের হার ৯২%। এছাড়াও সামাজিক নিরাপত্তা খাতে ২০২১-২২ অর্থবছরে এপ্রিল/২২ হতে জুন/২২ মাস পর্যন্ত ৪র্থ কিস্তির প্যা রোল যথাসময়ে প্রেরণ করা হয়েছে। এ উপজেলার মোট ভাতা ভোগীর সংখ্যা বয়স্ক- ৮৫৪০ জন, বিধবা- ৫৭৬৩ জন এবং প্রতিবন্ধী ৩২৪১ জন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৭ মহিলা বিষয়ক দপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা এবং কর্মজীবি মায়ের ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি একত্রিত হয়ে মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে ২০২২-২৩ অর্থবছর থেকে বাস্তবায়িত হবে। নীতিমালা অনুসারে উপজেলার শতভাগ দরিদ্র মা ভাতা পাবেন। এছাড়াও কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাব সমূহের কারাতে প্রশিক্ষণ শুরু হয়েছে। গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণের মাধ্যমে নারীর কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি কর্মসূচি "বাস্তবায়নকারী কলোনীপাড়া মহিলা উন্নয়ন সমিতিকে ইতোমধ্যে ২বার নোটিশ দেয়া হয়েছে। নির্বাহী পরিচালক দেশের বাহিরে থাকায় ১ মাসের সময় চেয়ে আবেদন করেন। এছাড়াও ভিজিডি কর্মসূচির আওতায় উপকারভোগীদের সঞ্চয়ে | ১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী "প্রশিক্ষণের মাধ্যমে নারীর কর্মসংস্থান এবং উদ্যোক্তা সৃষ্টি" শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের কলোনীপাড়া মহিলা উন্নয়ন সমিতির মাধ্যমে এ উপজেলায় প্রশিক্ষণ কার্যক্রমে অনিয়মের অভিযোগের বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিবেদনের আলোকে নির্দেশনা জরুরিভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী শিবনগর ইউপির প্রাক্তন চেয়ারম্যান মোঃ মামুনুর রশিদ চৌধুরীর নিকট হস্ত মজুদ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| টাকা শিবনগর ইউপির প্রাক্তন চেয়ারম্যান মোঃ মামুনুর রশিদ চৌধুরীর নিকট হস্ত মজুদ ৮৮,১০০/- টাকা এবং কাজিহাল ইউনিয়নের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা মোঃ ইয়ামিন আলীর নিকট হস্তমজুদ ৫,১১,৯০০/- টাকা আদায়ের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ৮৮,১০০/- টাকা এবং কাজিহাল ইউনিয়নের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা মোঃ ইয়ামিন আলীর নিকট হস্তমজুদ ৫,১১,৯০০/- টাকা আদায়ের জন্য জরুরিভাবে বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| ৩.৮ পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৯ জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। তাঁর দপ্তরে নতুন ভবন নির্মাণের জন্য জেলা কার্যালয় থেকে টেন্ডারের করা হয়েছে। দ্রুত কাজ শুরু করা হবে। কিন্তু ভবন নির্মাণের স্থানে ছোট বড় ৩টি আম গাছ রয়েছে যা কর্তণ করা আবশ্যক। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ফরেস্টার, উপজেলা বন বিভাগ ভবন নির্মাণের স্থানে সরেজমিন পরিদর্শন করে আম গাছ ৩টি মার্কিং করে মূল্য নির্ধারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা বন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১০ উপজেলা প্রকৌশল অধিদপ্তরঃ উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। তিনি বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি), এর প্যাকেজ নং- ADP/FUL/DIN/2021-22/W-02 প্রকল্প নিতাই স্যারের গ্রামে কালি মন্দিরের সামনের পুকুরের পার্শ্বে গাইড ওয়াল নির্মান শীর্ষক কাজটি যার প্রাক্কলিত মূল্য ২,৫০,০০০/- টাকা জমি সংক্রান্ত জটিলতা থাকায় বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তাই উক্ত প্রকল্পের পরিবর্তে সমপরিমাণ অর্থের আরেকটি প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিতাই স্যারের গ্রামে কালি মন্দিরের সামনের পুকুরের পার্শ্বে গাইড ওয়াল নির্মান শীর্ষক কাজটি জমি সংক্রান্ত জটিলতা থাকায় বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় উক্ত প্রকল্পের পরিবর্তে নামা গোকুল যাওয়ার রাস্তায় কামরুজ্জামান/বাবলার পুকুরের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ প্রকল্প গ্রহণে সভায় সকলে একমত পোষণ করেন। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১১ উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক চলছে। আপাতত কোন সমস্যা নাই। এ উপজেলায় ১৮-৩৫ বছর বয়সের ৪২০ জন যুবক ও যুবতীদের বিভিন্ন ট্রেডে ৭ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১০৭ জনের মধ্যে বিভিন্ন প্রকল্পে ২৩,০০,০০০/= লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার ক্রমপুঞ্জিত- ৯২% ও চলমান হার ৮৩%। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী। |
| ৩.১২ প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ২০২১-২২ অর্থবছরের চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পাদনের জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর ২০২১-২২ অর্থবছরের চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পাদনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের পত্র প্রদান করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১৩ উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী। |
| ৩.১৪ সমাবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা সমবায় অফিসার ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী। |
| ৩.১৫ মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| ৩.১৬ বন বিভাগঃ ফরেস্টার, ফুলবাড়ী সভায় জানান তাঁর দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। ২০২১-২২ অর্থ বছরের দৌলতপুর ইউনিয়নে বাড়াইপাড়া হতে গড়পিংলাই পর্যন্ত ২ কিঃ মিঃ স্ট্রীপ বাগানের গাছ টেন্ডারের জন্য মার্কিং করা হয়েছে। গাছ বিক্রয় হলেই চলতি বছরে ২য় আবর্তক বাগান সৃজন করা হবে। এছাড়াও টিএফএফ দ্বারা ফুলবাড়ী-দিনাজপুর ও ফুলবাড়ী-বিরামপুর সড়কে ৪০ কিঃ মিঃ (মিডলিং) বাগান সৃজন কাজ চলমান রয়েছে। বিক্রয়কৃত গাছের অর্থ উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরেই বাগান সৃজন করা হবে। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ফরেস্টার, সামাজিক বনায়ন, ফুলবাড়ী। |

| | | |
|---|---|---|
| ৩.১৭ বিএমডিএ বিভাগঃ সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট- ২ ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, তাঁর দাপ্তরিক কাজ যথানিয়মে চলছে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট- ২ ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট- ২ ফুলবাড়ী, দিনাজপুর। |

৪। বিবিধঃ উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়।

| | |
|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর এর এপ্রিল/২১ হতে আগস্ট/২১ মাসের ভ্রমন ভাতা ৪৫,৬২৫/- এবং এপ্রিল/২২ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া ৪৫,০০০/- | ৯০,৬২৫/- |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর এর এপ্রিল/২১ হতে আগস্ট/২১ মাসের ভ্রমন ভাতা ২৫,০০০/- টাকা এবং এপ্রিল/২২ মাসের সম্মানী ভাতা- ২৭,০০০/- | ৫২,০০০/- |
| মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর এর এপ্রিল/২১ হতে আগস্ট/২১ মাসের ভ্রমন ভাতা ২৫,০০০/- টাকা এবং এপ্রিল/২২ মাসের সম্মানী ভাতা- ২৭,০০০/- | ৫২,০০০/- |
| উপজেলা পরিষদ মালির এপ্রিল/২২ মাসের বেতন ভাতা- ১০৪৫০/- টাকা ও উৎসব ভাতা- ৬,০৫০/- টাকা | ১৬,৫০০/- |
| উপজেলা পরিষদ পরিচ্ছন্ন কর্মীর এপ্রিল/২২ মাসের বেতন ভাতা | ১০,৪৫০/- |
| মেরিনা ফিলিং স্টেশনকে উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানি তেল বাবদ জানুয়ারি ও ফেব্রুয়ারি/২২ মাসের | ৪২,৬৭৪/- |
| উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানি তেল বাবদ জানুয়ারি ও ফেব্রুয়ারি/২২ মাসের ৪২,৬৭৪/- টাকার ৫% ভ্যাট | ২,১৩৪/- |
| উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের সেপ্টি টেংক পরিষ্কার ও মেরামত বাবদ | ২৫,০০০/- |
| উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের সেপ্টি টেংক পরিষ্কার ও মেরামত বাবদ | ২৪,৯৮০/- |
| উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টার ডি-৫ বাসার পানির লাইন মেরামত বাবদ | ২৫,০০০/- |
| উপজেলা কৃষি ভবনের পানির লাইন মেরামত বাবদ | ২৪,৯৫০/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত ব্যয় অন্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ১৭/০৫/২০২২ তারিখ পর্যন্ত ১,০০,৬৭,৪০১/৮৩ টাকা স্থিতি রয়েছে।

| | | |
|---|---|---|
| ৪.১ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | চেয়ারম্যান, সকল ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪.২ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী বলেন যে, উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রজাতির ৩১টি গাছ কর্তণের লক্ষ্যে জীবিত/মৃতের বর্ণনা সঠিকভাবে উল্লেখ করে প্রস্তাব দাখিলের জন্য জেলা প্রশাসকের কার্যালয় থেকে ১৩ মার্চ ২০২২ তারিখের ০৫.৫৫.২৭০০.০০৯.০১.০০৩.২২- ১৫২ নং স্মারকে পত্র পাওয়া যায়। প্রাপ্ত পত্রের নির্দেশনার আলোকে উপজেলা বন কর্মকর্তাকে বিভিন্ন প্রজাতির জীবিত ও মৃত গাছের আলাদাভাবে মূল্য নির্ধারণ করে দাখিলের জন্য দায়িত্ব প্রদান করা হয়। উক্ত কর্মকর্তার কার্যালয় থেকে ১৬/০৪/২০২২ তারিখের ১৮/ফুল/১৭ নং স্মারকে একটি প্রতিবেদন পাওয়া যায়। প্রতিবেদনটি পর্যালোচনায় ১৮টি হেলে পড়া/ঝুকিপূর্ণ জীবিত গাছের ১৬৯৭৭ ঘন ফুটের মূল্য ১,৬৮,৭৯২/- টাকা এবং ১৩টি মরা গাছের ২৮৬২ ঘন ফুটের মূল্য ২১,৭৩৫/- টাকা সর্বমোট- ১,৯০,৫২৭/- টাকা নির্ধারণ করেছেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা বন কর্মকর্তার দাখিলকৃত ১৮টি হেলেপড়া/ঝুকিপূর্ণ জীবিত গাছের ১৬৯৭৭ ঘন ফুটের ১,৬৮,৭৯২/- টাকা এবং ১৩টি মরা গাছের ২৮৬২ ঘন ফুটের ২১,৭৩৫/- টাকা সর্বমোট- ১,৯০,৫২৭/- টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী অনুমোদিত গাছের মূল্য জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪.৩ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী বলেন যে, মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনার আলোকে উপজেলা পরিষদের মাসিক সভা প্রতি মাসের ২য় বৃহস্পতিবার সকাল- ১০:০০ ঘটিকায় শুরু করা হয়। কিন্তু অনেক সদস্যই নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত না হয়ে সভার বাহিরে অবস্থান করেন। এতে গুরুত্বপূর্ণ অনেক সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় না। এপ্রেক্ষিতে সভাপতি সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলা পরিষদের মাসিক সভা অতি গুরুত্বপূর্ণ। এ সভায় অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয়ে থাকে। যেহেতু মন্ত্রীপরিষদ বিভাগ সভার তারিখ ও সময় নির্ধারণ করে দিয়েছেন। সেহেতু প্রত্যেক সদস্যকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক সভার সকল সদস্য নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থেকে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। | উপজেলা পরিষদের মাসিক সভার সকল সদস্য। |

| | | |
|---|---|---|
| ৪.৪ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী বলেন যে, আনসার ও ভিডিপি দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত নিজস্ব অর্থায়নে ভবন নির্মাণের জন্য উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। এপ্রেক্ষিতে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ী তাদের নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে সর্বনিম্ন ০.১৫ শতক জায়গা চেয়ে আবেদন করেন। এছাড়াও আনসার ভিডিপি ব্যাংক, স্কাউটস ভবন, উপজেলা শিল্পকলা একাডেমির ভবন ও বরেন্দ্র জায়গা চেয়ে আবেদন করেন। কিন্তু উপজেলা পরিষদের অভ্যন্তরে পর্যাপ্ত জায়গা না থাকায় উপজেলা পরিষদ চত্বরের বাহিরে পূর্ব-দক্ষিণ দিকে একটি অতি পুরাতন ঝুকিপূর্ণ অডিটরিয়ম হলসহ ফাঁকা জায়গা রয়েছে। ইতোমধ্যে অডিটরিয়ম হলের ফাঁকা জায়গায় সামাজিক বনায়নের স্থান নির্ধারণ করা হয়েছে। ভবন নির্মাণের চাহিদার লক্ষ্যে পুরাতন স্থাপনা (অডিটরিয়ম হল) কনডেমেশন করে সেই জায়গায়, আনসার ও ভিডিপি দপ্তর, আনসার ও ভিডিপি ব্যাংক, স্কাউটস ভবন, উপজেলা শিল্পকলা একাডেমির ভবন এবং বরেন্দ্র অফিস ভবন নির্মাণ করা যেতে পারে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী উপজেলা পরিষদের অডিটরিয়ম হলটি সরেজমিন পরিদর্শন করে বর্তমান পরিস্থিতির সম্পর্কে প্রতিবেদন দাখিলসহ কনডেমেশন ঘোষাণার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোণা করেন।

(মোঃ আতাউর রহমান মিল্টন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০৫৩২৭-৫৬৫৪৬

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২০- ৮১৫ (৪০) তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৬ মে ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১০ দিনাজপুর- ৫ ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২।সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩।পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
০৪।জেলা প্রশাসক, দিনাজপুর
০৫।উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৬।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭।মেয়র, ফুলবাড়ী, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৯। জনাব মোঃ কামরুজ্জামান, সদস্য, জেলা পরিষদ, দিনাজপুর।
১০।চেয়ারম্যান ................................................ ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। উপজেলা ............................................ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১৩।মোছাঃ সানোয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য, আসন নম্বর- ০১
১৪। মোছাঃ শাহানাজ পারভীন, সংরক্ষিত সদস্য, আসন নম্বর- ০২
১৫। মোছাঃ রিক্তা বানু, সংরক্ষিত সদস্য, আসন নম্বর- ০৩
১৬। নোটিশ বোর্ড।

২৬/০৫ 2022

(মোঃ রিয়াজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪
ই-মেইলঃ fulbariuno@gmail.com